

কৃষি, পরিবেশ, স্বাস্থ্যসহ বিজ্ঞানের নানাবিধ শাখায় সাশ্রয়ীমূল্যে ছানকো ছানগিও (Sanko Sangyo) বহুমুখী পেশাগত সহায়তা ও পরামর্শ দিয়ে থাকে। আমাদের ছাইঅন ইএম টেকনোলজী (Saion EM Technology) এর স্লোগান হচ্ছে সহাবস্থান এবং মান-সম্পন্ন তথ্যের ভিত্তিতে নিশ্চিত, সহজলভ্য, সাশ্রয়ী এবং টেকসই সমাজ। ছানকো ছানগিও ওকিনাওয়া-জাপান এর মূল প্রতিষ্ঠান যা ত্রিশ বছর আগে ইএম টেকনোলজী ভিত্তিক গবেষণা এবং ব্যবসার সূত্রপাত করেছে। আশির দশকের প্রথম দিকে রিওকিওয়াছ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক টেরুয়ো হিগা উক্ত প্রতিষ্ঠানের সাথে জড়িত থেকে ইএম সামগ্রী তৈরী করেছে। তখন থেকে ছানকো ছানগিও তার গ্রাহকদের জন্য মানুষ এবং পরিবেশের স্বাস্থ্য রক্ষার্থে টেকসই এবং উন্নতমানের ইএম সামগ্রী তৈরী করতে প্রতিজ্ঞাবদ্ধ।

ইএম বলতে বুঝায় কার্যকর অনুজীব যা বিভিন্ন খাদ্য সামগ্রীতে উপস্থিত উপকারী এবং প্রাকৃতিকভাবে প্রাপ্ত অনুজীবের সংমিশ্রণ। ইএম এর উপকারী অনুজীবগুলো মূলত তিনটি গোত্রের হয়ে থাকে – ফটোসিন্থেটিক ব্যাক্টেরিয়া, লেক্টিক এসিড ব্যাক্টেরিয়া এবং ইস্ট। এই অনুজীবগুলো জৈব-যৌগের সাথে মিশ্রিত হয়ে বিভিন্ন উপকারী যৌগ যথা ভিটামিন, জৈব এসিড, খনিজ এবং এন্টিঅক্সিডেন্ট তৈরী করে।

ইএম টেকনোলজী অনুর্বর মাটি, দূষিত পানি, কলকারখানার দূষিত বর্জ্য ইত্যাদি পরিশোধনের মাধ্যমে পুষ্টিকর জৈব খাদ্য তৈরীতে ভূমিকা রাখে। ইহা মুরগী, গবাদি ইত্যাদি বিভিন্ন খামারের দুর্গন্ধ দূরীকরণেও সহায়তা করে।

